

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন-২ শাখা
www.moha.gov.bd

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০০০.১৩৫.০২.০০০১.২৫.১৩৭

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: অতিবাস জরিমানা মওকুফ পূর্বক 'Exit Visa' প্রদান সংক্রান্ত

সূত্র: (১) স্পেশাল ড্রাফট (এসবি)র স্মারক নং-৪৪.০০.০০০০.০৮৮.৫০.০০০.২৬.১৬৭১, তারিখ: ১৭.০২.২০২৬

(০২) মোঃ সুলতান এর আবেদন, তারিখ: ০৩.০২.২০২৬

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের ছায়াছবি এ সাথে সংযুক্ত করা হলো। সংযুক্ত পত্রে বর্ণিত বাংলাদেশ নাগরিক মোঃ সুলতান এর পিতা Pakistani নাগরিক Muhammad Shamim (PP.No-AN5158272) এবং মাতা Jahanara Begum (PP.No-NW3955412) আনুমানিক ১৯৯৫ সালে কাজের উদ্দেশ্যে পাকিস্তান চলে যায়। পরবর্তীতে সেখানে গিয়ে তারা সকলেই পাকিস্তানী নাগরিকত্ব গ্রহণ করেন। তার নানী অসুস্থ হওয়ায় ও তার সাথে স্বাক্ষাৎ এবং জমি সংক্রান্ত বিষয় সমাধানের জন্য তার বাবা-মা গত ০৫/০৪/২০২৫ খ্রি. তারিখে বাংলাদেশে আসেন। পরবর্তীতে তার নানি অসুস্থ থাকায় এবং জমি সংক্রান্ত সমস্যা সমাধান না হওয়ায় তারা বাংলাদেশে থেকে যথা সময়ে পাকিস্তানে ফিরে যেতে পারেন নি। তাদের ভিসার মেয়াদ ০৩/০৭/২০২৫ খ্রি. তারিখে শেষ হয়েছে এবং নির্ধারিত সময়ে ভিসার মেয়াদ বৃদ্ধি করতে না পারায় তাদের অনুকূলে অতিবাস জরিমানা আরোপ হয়।

০২। এমতাবস্থায়, বাংলাদেশী নাগরিক মোঃ সুলতান এর পিতা Pakistani নাগরিক Muhammad Shamim (PP.No-AN5158272) এবং মাতা Jahanara Begum (PP.No-NW3955412) বাংলাদেশী বংশোদ্ভূত পাকিস্তানী নাগরিক। স্পেশাল ড্রাফট (এসবি)র প্রতিবেদন এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পরিপত্র ২ এর (খ) অনুযায়ী বাংলাদেশী নাগরিক মোঃ সুলতান এর পিতা Pakistani নাগরিক Muhammad Shamim (PP.No-AN5158272) এবং মাতা Jahanara Begum (PP.No-NW3955412)-এর অনুকূলে অতিবাস জরিমানা মওকুফপূর্বক 'Exit Visa' প্রদানের বিষয়ে এ মন্ত্রণালয়ের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৫-০২-২০২৬

কাজী আরিফুর রহমান

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ইমেইল : immigrationbr2@moha.gov.bd

মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০০০.১৩৫.০২.০০০১.২৫.১৩৭/১ (২)

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং
- ২। সিস্টেম এনালিস্ট-১, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



২৫-০২-২০২৬

কাজী আরিফুর রহমান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)